

বিজ্ঞপ্তি নম্বর: ২০৫

তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

EIIN NO-120818

বিষয়: ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে ২য় ধাপে আবেদনের সিডিউল পুনর্নির্ধারণ গ্রহণ প্রসঙ্গে

একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬৩৩ তারিখ: ২৮/০৯/২০২৬ মোতাবেক ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে বিপুল সংখ্যক শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চয়ন বাতিল না করা এবং ভর্তি না হওয়ায় সৃষ্ট জটিলতা নিরসনে ২য় ধাপের ভর্তি প্রক্রিয়া নিম্নে বর্ণিত ছক অনুসারে পুনর্নির্ধারণ করা হয়েছে। দিনাজপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে online ভর্তির লক্ষ্যে ২য় ধাপে আবেদনের সিডিউল পুনর্নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এবিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য বলা হলো।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:

- ১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি;
- ২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে নিশ্চয়ন করতে পারেনি কিংবা কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি;
- ৩। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ভুল কোটা নির্ধারণ করায় কলেজে ভর্তি হতে পারেনি।

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল:

ক্রমিক	বিষয়	তারিখ
১	২য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ	২৭/০৯/২০২৬ (রবিবার) থেকে ০১/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত)
২	২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	০৫/১০/২০২৬ (সোমবার রাত ৮:০০ টা)
৩	শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে)	নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ০৮/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত)
৪	পছন্দক্রম অনুযায়ী শুধুমাত্র ২য় ধাপে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের ফল প্রকাশ	০৯/১০/২০২৬ (শুক্রবার রাত ৮:০০ টা)
৫	ভর্তি	১১/১০/২০২৬ (রবিবার) থেকে ১৩/১০/২০২৬ (মঙ্গলবার)


বি. দ্র. উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি ২য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন ফি ২২০/- (দুইশত বিশ) টাকা জমা দিতে হবে না। এ ধরনের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। ২য় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চয়ন ফি জমা দেয়ার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।

বিস্তারিত তথ্যের জন্য: জনাব মোহা. সাহের আকতার গিনি, সহকারী অধ্যাপক, সমাজবিজ্ঞান (০১৭৫৫০৪০৩০১) ও জনাব মো. এরশাদ আলী, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা (০১৭২২০৫৬৪০৫)

প্রতিষ্ঠাপক


(প্রফেসর মোঃ নূরুল হক রহমান)
অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


(প্রফেসর মো. দাইমুল ইসলাম)
আহ্বায়ক

একাদশ শ্রেণি ভর্তি ও রেজিস্ট্রেশন কমিটি ২০২৬-২০২৭
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. তত্ত্বাবধায়ক, উচ্চমাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৩. অফিস কপি